গাজীপুরে পুলিশ বক্সে হামলা, চেয়ার-টেবিলে আগুন



ছবি: সংগৃহীত

গাজীপুর মহানগরীর গাজীপুরা বাসস্ট্যান্ড এলাকায় একটি পুলিশ বক্সে ভাঙচুরের পর ভেতরের মালামাল বের করে আগুন দেওয়ার ঘটনা ঘটেছে। মঙ্গলবার (২৪ নভেম্বর) বেলা ১১টার পর এ ঘটনা ঘটে। পরে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনেন। ঘটনার পর এলাকায় থমথমে পরিস্থিতি বিরাজ করছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বেতন বাড়ানোর দাবিতে শ্রমিকেরা গাজীপুরা বাসস্ট্যান্ড এলাকায় আন্দোলন করছিলেন। একপর্যায়ে তাঁদের সঙ্গে কিছু বহিরাগত যোগ দেন। পরে তাঁরা মহাসড়ক অবরোধ করে গাজীপুরা পুলিশ বক্সে ভাঙচুর চালান। এ সময় বক্সের ভেতরে থাকা মামলার নথিপত্র বের করে মহাসড়কে আগুন ধরিয়ে দেওয়া হয়।

টঙ্গী পশ্চিম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আরিফুর রহমান বলেন, পুলিশ বক্স থেকে চেয়ার-টেবিল বের করে সড়কে ফেলে আগুন দেওয়া হয়েছিল। আগুন নিয়ন্ত্রণে আনার পাশাপাশি শ্রমিকদের ধাওয়া দিয়ে সরিয়ে দেওয়া হয়েছে। বর্তমানে মহাসড়কের উভয় পাশে যান চলাচল স্বাভাবিক রয়েছে।